

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৫, ২০১৪

নির্বাচন কমিশন
বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ মার্চ ২০১৪/১০ চৈত্র ১৪২০

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.১৪-১৯৭—জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচনের জন্য প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১-১২৭, তারিখ ২৩ ফেব্রুয়ারি ২০১৪/১১ ফাল্গুন ১৪২০ এর মাধ্যমে সময়সূচি ঘোষণা করা হয়। পরবর্তীতে প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১-১৪২, তারিখ ২৫ ফেব্রুয়ারি ২০১৪/১৩ ফাল্গুন ১৪২০ এর মাধ্যমে পুনর্নির্ধারিত সময়সূচি ঘোষণা করা হয়। মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ৫০ জন মনোনয়নপত্র দাখিল করেন। দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পূর্ব ঘোষিত সময়সূচি অনুসারে ১১ মার্চ ২০১৪ তারিখে বাছাইকরতঃ ৪৮ জনের মনোনয়নপত্র বৈধ বলিয়া বিবেচিত হয় এবং বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সাবিহা নাহার বেগম এবং জাতীয় পার্টির মনোনীত প্রার্থী খোরশেদ আরা হক এর মনোনয়নপত্র বাতিল করা হয়। মনোনয়নপত্র বাতিলাদেশের বিরুদ্ধে খোরশেদ আরা হক এবং সাবিহা নাহার বেগম ১২ মার্চ ২০১৪ তারিখে মাননীয় নির্বাচন কমিশনে যথাক্রমে নির্বাচনি আপিল নং ০৪/২০১৪ ও ০৫/২০১৪ দায়ের করেন। মাননীয় নির্বাচন কমিশন ১৬ মার্চ ২০১৪ তারিখে শুনানীঅন্তে আপিল দুইটি নামঞ্জুর করেন। প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত সময় ১৮ মার্চ ২০১৪ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে কোন প্রার্থীই প্রার্থিতা প্রত্যাহার করেন নাই। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (২) অনুসারে রিটার্নিং অফিসার ৪৮ জনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। এই প্রেক্ষিতে জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ৪ অনুসারে রাজনৈতিক দল ও জোটের অনুকূলে বন্টনকৃত সংরক্ষিত মহিলা আসনসমূহের ভিত্তিতে ধারা ২৬(২) অনুসারে মাননীয় নির্বাচন কমিশন জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে “সংসদ সদস্য” হিসেবে নির্বাচিত প্রার্থীদের নাম, পিতা/স্বামীর নাম এবং ঠিকানা সম্বলিত গেজেট বিজ্ঞপ্তি ২০ মার্চ ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেট

(১০৮০১)

মূল্য : টাকা ৪.০০

অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করেন। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩০ অনুযায়ী এতদ্বারা জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনের অবশিষ্ট ০২ টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে :

ক্রমিক	বিবরণী	তারিখ ও বার	সময়	স্থান
১	২	৩	৪	৫
(১)	প্রার্থী/প্রস্তাবক/সমর্থক কর্তৃক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান	০১ এপ্রিল ২০১৪ ১৮ চৈত্র ১৪২০ (মঙ্গলবার)	সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(২)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ, সময় ও স্থান	০২ এপ্রিল ২০১৪ ১৯ চৈত্র ১৪২০ (বুধবার)	সকাল ১০.০০ টা হতে বাছাই শেষ না হওয়া পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(৩)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান	০৯ এপ্রিল ২০১৪ ২৬ চৈত্র ১৪২০ (বুধবার)	বিকাল ৫.০০ টা পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(৪)	ভোট গহণের তারিখ, সময় ও স্থান	১৭ এপ্রিল ২০১৪ ০৪ বৈশাখ ১৪২১ (বৃহস্পতিবার)	সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত	নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgps.gov.bd